দৈনিক সংবাদ

তারিখ 29 SEP 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

কবি নজরুল সরকারি কলেজ

# ভর্তির নয়া নিয়ম, ক্ষুব্ধ ছাত্রদল নেতাদের হুমকি, অধ্যক্ষার জীবন বিপন্ন

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাতীয়তাবাদী ছাত্রদলের কয়েকজন নেতার কথামত ছাত্রভর্তি না করায় কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষা সৈয়দা হালিমা রহমানকে হুমকি দেয়া হচ্ছে। তিনি নিরাপত্তাহীনতায় আছেন বলে জানা গেছে।

সূত্র জানায় ঃ ছাত্রদল নেতৃবৃন্দ ভর্তির নয়া নিয়ম-কানুন অগ্রাহ্য করে তাদের

অধ্যক্ষা ঃ পৃঃ ৮ কঃ ৪

## অধ্যক্ষা ঃ জীবন বিপন্ন

( ১ম পৃষ্ঠার পর )

মনোনীত কিছু ছাত্রকে ভর্তির জন্যে কলেজ কর্তৃপক্ষকে চাপ দিয়ে আসছে গত কয়েকদিন ধরে। ওই কলেজের সাবেক ছাত্র এবং ছাত্র সংসদের নেতাসহ কয়েক-জন যেসব ছাত্রদের ভর্তির জন্যে অধ্যক্ষাকে চাপ দিচ্ছে তাদের কারো ভর্তির যোগ্যতা নেই। ইতিমধ্যে কলেজ কর্তৃপক্ষ ভর্তির সব নিয়ম-কানুন ঠিক রেখে এসএসসি'র নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রকাশ করে। গত ১২ এবং ১৩ই সেপ্টেম্বর মেধা-তালিকা নোটিশ বোর্ডে টাঙিয়ে দেয়ার পর ছাত্রদল নেতৃবৃন্দ তাদের মনোনীত ছাত্রদের নাম না দেখে ক্ষেপে যায়, তারা কর্তৃ-পক্ষকে নানাভাবে হুমকি দেয়। এনিয়ে গত কয়েকদিন ধরে ছাত্রদলের নেতৃবৃন্দের সঙ্গে কলেজ কর্তৃপক্ষের বাকবিতণ্ডা হয়েছে। এক পর্যায়ে গত বৃহস্পতিবার ওই কলে-জের সাবেক ছাত্রদের নেতৃত্বে একদল বহিরাগত অধ্যক্ষার কক্ষে তালা ঝুলিয়ে দেয়। তারা অধ্যক্ষার টেলিফোন লাইনের তার কেটে দিয়েছে।

একজন শিক্ষক অভিযোগ করেছেন যে, এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু কোন সহযোগিতা পাওয়া যাচ্ছে না।

স্থানীয় সূত্রাপুর থানা ঘটনাটি জানে। তাছাড়া পুলিশকে বিষয়টি অবহিত করা হয়েছে। কিন্তু ছাত্রদলের নেতৃবৃন্দের কথা শুনে সবাই নীরব হয়ে যান।